

যুগান্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৮৪ কোটি টাকার বাজেট পেশ

৭৮ শতাংশ ব্যয় হবে বেতন-ভার্ভা ও পেনশন খাতে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার
ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০৯-১০ অর্থবছরের জন্য ১৮৪ কোটি টাকার বাজেট এবং গত অর্থবছরের ৪ কোটি ০০ লাখ টাকার সম্পূর্ণ বাজেট উপস্থাপন করা হয়েছে। সোমবার বিকাল সাড়ে ৩টার মতোই নবাব আলী চৌধুরী সিনেট ভবনে উপাচার্য অধ্যাপক ডা. ডা. ম. স. আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সিনেটের পবিত্র অধিবেশনের প্রথম অধিবেশনে এ বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মীতানুর রহমান। এরপর শুরু হয় বাজেট আলোচনা। অত্র অধিবেশনের শেষ দিনেও আলোচনা শেষে প্রস্তাবিত বাজেট পাস করা হবে। এর আগে বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স কমিটি এবং

সিভিলিকট সভায় এই খসড়া বাজেট অনুমোদন করে। প্রতিবারের মতো এবারও মোট বাজেটের সিংহভাগ ব্যয় হবে বেতনভার্ভা ও পেনশন খাতে, যা মোট বাজেটের শতকরা ৭৮ শতাংশ। অর্থাৎ ১৪৪ কোটি ৪৬ লাখ টাকা। গত বছর এই খাতে ব্যয় ছিল ১০৯ কোটি ৯৬ লাখ টাকা। শিলা মহাশয় আনুষ্ঠানিক খাতে ব্যয় রাখা হয়েছে ২২ কোটি ৯৫ লাখ টাকা, যা মোট বাজেটের শতকরা বাজেট : পৃষ্ঠা ২ কলাম ৭

বাজেট : ঢাকা বিশ্ববিদ্যালয় (৩য় পৃষ্ঠার পর)

১২ শতাংশ ১৪৭ লাগ। গত বছর এ খাতে ব্যয় ছিল ১৮ কোটি ১০ লাখ টাকা, যা মোট বাজেটের শতকরা ১০ শতাংশ ৩৪ লাগ ছিল। এ বছর সাধারণ আনুষ্ঠানিক খাতে ব্যয় রাখা হয়েছে ২২ কোটি ৯৫ লাখ টাকা। গত বছর এ খাতে ব্যয় ছিল ১৮ কোটি ১০ লাখ টাকা। এবারের বাজেটের ১৫৩ কোটি ৮০ লাখ টাকা নিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। বিশ্ববিদ্যালয়ের অত্যন্তরীণ আয়ের দাত্যসহায় ধরা হয়েছে ২০ কোটি টাকা। প্রতিবারের মতো এবারও বাজেট ঘটিত হয়েছে ১০ কোটি ২০ লাখ টাকা। গত অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের মোট বাজেট ছিল ১৭৩ কোটি ১৮ হাজার টাকা আর তাতে ঘটিত ছিল ৪ কোটি ০৪ লাখ টাকা। বাজেট পেশের আগে অধিবেশনের শুরুতে পবিত্র কোরআন, গীতা ও বাইবেল পাঠ করা হয়। এরপর স্টুডেন্ট ও প্রচারা পিকক, কর্মকর্তা-কর্মচারী আর বুদ্ধিজীবীদের অরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর সিনেটের সভাপতি উপাচার্য অধ্যাপক ডা. ডা. ম. স. আরেফিন সিদ্দিক তার অভিভাষণ প্রদান করেন।